

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৮৮

১/ পবিত্রতা (كتاب الطهارة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ নবীয (ফল ভিজানো পানি) দ্বারা উযু করা।

باب مَا جَاءَ فِي الْوُضُوءِ بِالنَّبِيِّ

আরবী

حَدَّثَنَا هَنَادٌ، حَدَّثَنَا شَرِيكٌ، عَنْ أَبِي فَزَّارَةَ، عَنْ أَبِي زَيْدٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ، قَالَ سَأَلَنِي النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " مَا فِي إِدَاوَتِكَ " . فَقُلْتُ نَبِيذٌ . فَقَالَ " تَمْرَةٌ طَيِّبَةٌ وَمَاءٌ طَهُورٌ " . قَالَ فَتَوَضَّأَ مِنْهُ . قَالَ أَبُو عِيسَى وَإِنَّمَا رُوِيَ هَذَا الْحَدِيثُ عَنْ أَبِي زَيْدٍ عَنْ عَبْدِ اللَّهِ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ . وَأَبُو زَيْدٍ رَجُلٌ مَجْهُولٌ عِنْدَ أَهْلِ الْحَدِيثِ لَا يُعْرَفُ لَهُ رِوَايَةٌ غَيْرُ هَذَا الْحَدِيثِ . وَقَدْ رَأَى بَعْضُ أَهْلِ الْعِلْمِ الْوُضُوءَ بِالنَّبِيِّ مِنْهُمْ سُفْيَانُ الثَّوْرِيُّ وَغَيْرُهُ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ لَا يُتَوَضَّأُ بِالنَّبِيِّ وَهُوَ قَوْلُ الشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ . وَقَالَ إِسْحَاقُ إِنْ ابْتُلِيَ رَجُلٌ بِهَذَا فَتَوَضَّأَ بِالنَّبِيِّ وَتَيَمَّمَ أَحَبُّ إِلَيَّ . قَالَ أَبُو عِيسَى وَقَوْلُ مَنْ يَقُولُ لَا يُتَوَضَّأُ بِالنَّبِيِّ أَقْرَبُ إِلَى الْكِتَابِ وَأَشْبَهُهُ لَأَنَّ اللَّهَ تَعَالَى قَالَ: "فَإِنْ لَمْ تَجِدُوا مَاءً فَتَيَمَّمُوا صَعِيدًا طَيِّبًا" .

বাংলা

৮৮. হান্নাদ (রহঃ) আবদুল্লাহ ইবনু মাসউদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেনঃ তোমার পাত্রে কি আছে? আমি বললামঃ নবীয। তিনি বললেনঃ খেজুর পবিত্র আর পানিও পাক। তারপর তিনি তা দিয়ে উযু (ওজু/অজু/অযু) করলেন। - ইবনু মাজাহ ৩৮৪, তিরমিজী হাদিস নম্বরঃ ৮৮ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবু ইসা তিরমিজী বলেনঃ আবু যায়দ-আবদুল্লাহ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে হাদিসটি বর্ণিত হয়েছে। এই আবু যায়দ হাদিসবেত্তাদের নিকট মাজহুল বা অজ্ঞাত। এই হাদিসটি ছাড়া আর কোন রিওয়ায়াত তার আছে বলে আমরা জানি না। আলিমদের কেউ কেউ নবীয দিয়ে উযু করার অনুমতি আছে বলে মনে করেন। সুফইয়ান প্রমুখের মতও তা-ই। আলিমদের অপর একদল বলেন নবীয দিয়ে উযু করা যাবে না। ইমাম শাফিঈ, আহমদ ও ইসহাক (রহঃ) ও এই মত ব্যক্ত করেছেন। ইসহাক (রহঃ) বলেনঃ আমার নিকট অধিক পছন্দের হল,

কোন ব্যক্তি যদি এই পরিস্থিতির সম্মুখীন হয় যে, নবীয ছাড়া তার নিকট অন্য কোন পানি নাই তাহলে সে নবীয দিয়ে উযুও করবে এবং তায়াম্মুমও করবে। ইমাম আবু দ্বিসা তিরমিজী বলেনঃ যারা বলেন নবীয দিয়ে উযু হবে না তাদের কথা কুরআনের অধিকতর নিকটবর্তী ও সামঞ্জস্যপূর্ণ। কেননা আল্লাহ তা'আলা ইরশাদ করেছেনঃ **فَتَيَمَّمُوا صَعِيدًا طَيِّبًا** "পানি না পেলে পবিত্র মাটির তায়াম্মুম করবে।"

English

Abdullah bin Mas'ud narrated:

"The Prophet asked me: "What is in your Idawah (water skin)?" I said:

"Nabidh." He said: "Dates are wholesome and water is pure." He said: "So he performed Wudu with it."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=16411>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন